## উপজেলা পরিষদ, কয়রা, খুলনার নভেম্বর/২০২২ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব এস, এম, শফিকুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, কয়রা, খুলনা।
তারিখ ঃ ২৯/১১/২০২২খ্রি.।
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।
উপস্থিতি ঃ পরিশিষ্ট-"ক"।

সভাপতি মহোদয় সভার শুরুতে উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর ২৬/১০/২০২২ খ্রি. তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়।

অতঃপর সভায় দপ্তর ভিত্তিক নিম্নরূপ আলোচনা হয় ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্রঃনং | দপ্তরের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১. | উপজেলা পরিষদ কয়রা, খুলনা। | (ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা সভায় জানান, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ক) নং অনুচ্ছেদে উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/ রংকরণ খাতে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে অর্থ বছরে সর্বোচ্চ ১০,০০,০০০/- টাকা ব্যয় করা যাবে। তিনি জানান বিগত ২৬/১০/২০২২ খ্রি. তারিখে উপজেলা পরিষদের অক্টোবর/২০২২ মাসের মাসিক সভায় ১(খ) নং অনুচ্ছেদে অনুমোদিত উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবনের বাইরের অংশের প্লাস্টার ও অন্যান্য জরাজীর্ণ অংশ জরুরী মেরামতের কাজের উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকার প্রাক্কলনটি সভায় অনুমোদনের জন্য পেশ করেন। প্রকল্পটি উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বাস্তবায়নের জন্য প্রকল্প বাস্তবায়ন কমিটি নিম্নরূপঃ<br>প্রাক্কলিত মূল্যঃ ২,০০,০০০/-<br>ক্রঃ নং — নাম ও পদবী — কমিটির পদ<br>১. মোঃ মাসুম বিল্লাহ, ইউপি সদস্য — সভাপতি<br>২. মোস্তফা শফিকুল ইসলাম, ইউপি সদস্য — সচিব<br>৩. মোছাঃ সেলিনা খাতুন, ইউপি সদস্য, কয়রা — সদস্য<br>৪. মোঃ কামরুল ইসলাম, অঃসঃ উমুব উন্নয়ন অফিস — সদস্য<br>৫. সৌরভ রায়, অঃসঃ উঃপঃবাঃঅঃ — সদস্য<br>৬. মোঃ মাছুম সানা, গাড়ী চালক — সদস্য<br>৭. মোঃ হাবিবুর রহমান, ভিডিপি — সদস্য | (ক) সভায় এতদ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ক) এ বর্ণিত উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত খাত হতে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবনের বাইরের অংশের প্লাস্টার ও অন্যান্য জরাজীর্ণ অংশ জরুরী মেরামতের কাজের জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার প্রাক্কলন ও প্রকল্প বাস্তবায়ন কমিটি সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার কয়রা, খুলনা। |
| | | (খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা সভায় জানান যে, রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ক) নং অনুচ্ছেদে উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/ রংকরণ খাতে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে অর্থ বছরে সর্বোচ্চ ১০,০০,০০০/- টাকা ব্যয় করা যাবে।উপজেলা পরিষদ প্রশাসনিক ভবনটি হস্তান্তরের তারিখ হতে প্রায় ০৮ বছর অতিবাহিত হওয়ায় ভবনের বাইরের অংশের রংকরনের দাবী জানান। আগামী মহান বিজয় দিবস-২০২২ উপলক্ষ্যে প্রসানিক ভবনের সুন্দর্য বৃদ্ধিতে রংকরণের জন্য সভার সকলে মতামত দেন। কাজটি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে রংকরণ করা যেতে পারে মর্মে তিনি সভায় জানান। সভার সকলে উক্ত প্রশাসনিক ভবনটি রংকরণের জন্য উপজেলা প্রকৌশলীকে উক্ত কাজের বাস্তবতার আলোকে প্রাক্কলন প্রস্তুতের জন্য অনুরোধের করেন। সভার সকলে উক্ত মতামতের ভিত্তিতে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উপজেলা পরিষদ প্রশাসনিক ভবনের বাইরের অংশের রংকরণ কাজের উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা কর্তৃক দাখিলকৃত ৪,৯২,৫৯৯/- (চার লক্ষ বিরানব্বই হাজার পাঁচশত) টাকার প্রাক্কলনটি কোটেশনের মাধ্যমে জরুরী ভিত্তিতে বাস্তবায়নের জন্য সভার সকলে মতামত ব্যক্ত করেন। | (খ) সভায় বিস্তারিত আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ক) নং অনুচ্ছেদে উপজেলা পরিষদ ভবন রংকরণ খাতে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৪,৯২,৫৯৯/- (চার লক্ষ বিরানব্বই হাজার পাঁচশত) টাকার প্রাক্কলনটি সভায় অনুমোদন ও কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (গ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা সভায় জানান যে, কয়রা ইউনিয়নের গোবরা আন্তঃ জেলা খেয়াঘাটটি খুলনা জেলার কয়রা ও সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলার ০২টি উপজেলার আন্তঃ জেলা খেয়াঘাট। ঘাটটি দুইটি উপজেলার যোগাযোগের একমাত্র মাধ্যম হওয়ায় এবং জনবহুল অতি গুরুত্বপূর্ণ বিবেচিত হওয়ায় যাত্রীদের পারাপারের সুবিধার্থে ঘাটটি জরুরী মেরামত করা প্রয়োজন। সে আলোকে সভার সকলের মতামতের ভিত্তিতে জরুরী এবং জনগুরুত্বপূর্ণ ঘাটটি মেরামতের নিমিত্ত উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা ৯,৯০,১৪৫/- (নয় লক্ষ নব্বই হাজার একশত পঁয়তাল্লিশ) টাকার প্রাক্কলণ দাখিল করেছেন। ঘাটটি জরুরী মেরামতের নিমিত্ত উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের জন্য সভার সকলে একমত পোষণ করেন। | (গ) সভায় বিস্তারিত আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে কয়রা ইউনিয়নের গোবরা আন্তঃ জেলা খেয়াঘাটটি মেরামতের জন্য উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে ৯,৯০,১৪৫/- (নয় লক্ষ নব্বই হাজার একশত পঁয়তাল্লিশ) টাকার অনুমোদিত প্রকল্পটি কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | (ঘ) উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা সভায় জানান যে, "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP)" এর আওতায় ২০১৯-২০ অর্থবছরে ১ টি অবকাঠামো উপ-প্রকল্পের আওতায় কয়রা উপজেলাধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উঁচু নিচু বেঞ্চ সরবরাহ বাস্তবায়ন সমাপ্ত হয়েছে। ঠিকাদারের আবেদনের প্রেক্ষিতে ১) কয়রা উপজেলাধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উঁচু নিচু বেঞ্চ সরবরাহ কাজের উপ-প্রকল্পের ঠিকাদার মেসার্স জাহিরুল ইসলাম, সান্তাহার, বগুড়া কর্তৃক সরবরাহ করা হয়েছে। ঠিকাদার কৃর্তক সরবরাহকৃত বিলের অনুকূলে নিম্নবর্ণিত হারে বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঠিকাদার কৃর্তক বাস্তবায়নকৃত বিল ঃ ২৪,৯৩,৯০০/-<br>উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ ঃ ৫৪,৮৭৬/-<br>প্রকল্প হতে পরিশোধ বিল ঃ ২৪,৩৯,০২৪/-<br>৭.৫% হারে ভ্যাট কর্তন ঃ ৩,৬৫,৮৫৩/-<br>৩% হারে আয়কর কর্তন ঃ ৭৩,১৭০/-<br>ভ্যাট ও আয়কর বাদে নীট দেয় ঃ ১৯,৯৭,০০১/- | (ঘ) সভায় এতদ্ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপ-প্রকল্প যথাযথ ও সঠিক ভাবে বাস্তবায়ন হওয়ায় কয়রা উপজেলাধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উঁচু নিচু বেঞ্চ সরবরাহ কাজের উপ-প্রকল্পের চুড়ান্ত বিল বাবদ ১৯,৯৭,০০১/- (উনিশ লক্ষ সাতানব্বই হাজার এক) টাকা মাত্র বিলটি ইউজিডিপি প্রকল্প অফিসে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকল্প সংশ্লিষ্ট বিভাগ ও উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা উপজেলা পরিষদ, কয়রা, খুলনা এবং সংশ্লিষ্ট ঠিকাদার। |
| | | (ঙ) উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা সভায় জানান যে, "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP)" এর আওতায় ২০২০-২১ অর্থবছরে ১টি অবকাঠামো উপ-প্রকল্প বাস্তবায়ন সমাপ্ত হয়েছে। ঠিকাদারের আবেদনের প্রেক্ষিতে ১) খাবার পানির সংকট দূরীকরণে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে রেইন ওয়াটার হার্ভেস্ট প্লান্ট স্থাপন কাজের উপ-প্রকল্পের ঠিকাদার মেসার্স সোনিয়া এন্টারপ্রাইজ, কয়রা, খুলনা কর্তৃক সম্পন্ন করা হয়েছে। ঠিকাদার কৃর্তক সম্পন্নকৃত প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত হারে বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঠিকাদার কৃর্তক বাস্তবায়নকৃত বিল ঃ ২০,১১,১৪৫/-<br>৭:৫% হারে ভ্যাট কর্তন ঃ ১,৫০,৮৩৬/-<br>৩% হারে আয়কর কর্তন ঃ ৬০,৩৩৪/-<br>ভ্যাট ও আয়কর বাদে নীট দেয় ঃ ১৭,৯৯,৯৭৫/- | (ঙ) সভায় এতদ্ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপ-প্রকল্প যথাযথ ও সঠিক ভাবে বাস্তবায়ন হওয়ায় খাবার পানির সংকট দূরীকরণে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে রেইন ওয়াটার হার্ভেস্ট প্লান্ট স্থাপন কাজের উপ-প্রকল্পের চুড়ান্ত বিল বাবদ ১৭,৯৯,৯৭৫/- (সতের লক্ষ নিরানব্বই হাজার নয়শত পঁচাত্তর) মাত্র বিলটি ইউজিডিপি প্রকল্প অফিসে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | (চ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা সভায় জানান যে, কয়রা ইউনিয়নের কয়রা ইউপি হতে গোবরা বাজার সংযোগ সড়কটি জনগুরুত্বপূর্ণ রাস্তা যার (চেঃ ৩৪০০ মি.-৩৪০৭ মি.) পর্যন্ত। রাস্তা ঘুর্ণিঝড় আম্পানের আঘাতে ক্ষতিগ্রস্ত হওয়ায় জনগনের চলাচলের অনুপোযোগী হয়ে পড়েছে। রাস্তাটি জনবহুল অতি গুরুত্বপূর্ণ হওয়ায় জরুরী মেরামত করা প্রয়োজন। সেজন্য সভার সকলের মতামতের ভিত্তিতে জরুরী এবং উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনার অনুরোধের | (চ) সভায় বিস্তারিত আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে কয়রা ইউনিয়নের কয়রা ইউপি হতে গোবরা বাজার সংযোগ (চে: ৩৪০০ মি.-৩৪০৭ মি.) পর্যন্ত সড়কটি মেরামতের নিমিত্ত ৯,৯৮,৮৪৫/- (নয় লক্ষ | উপজেলা নির্বাহী অফিসার কয়রা, খুলনা। |

ভিত্তিতে জনগুরুত্বপূর্ণ কয়রা ইউপি হতে গোবরা বাজার সংযোগ (চেঃ ৩৪০০ মি.-৩৪০৭ মি.) পর্যন্ত সড়কটি মেরামতের নিমিত্ত ৯,৯৮,৮৪৫/- (নয় লক্ষ আটানব্বই হাজার আটশত পঁয়তাল্লিশ) টাকার প্রাক্কলণটি উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের জন্য সভার সকলে একমত পোষণ করেন।

আটানব্বই হাজার আটশত পঁয়তাল্লিশ) টাকার কাজটি উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ছ) উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) জাইকা ও দক্ষিণ বেদকাশী ইউনিয়নের গোলখালী পর্যটন কেন্দ্রের কাজের পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তি বিলসমূহ নিম্নরূপ

| ক্রম | বিজ্ঞপ্তি নং ও তারিখ | পত্রিকার নাম | মোট বিল |
|---|---|---|---|
| ০১ | বিজ্ঞপ্তি নং- ০১/২২-২৩, তাং-০৮/০৯/২০২২ (জাইকা/২০-২১) | The Daily Observer | ৭,৫৯০/- |
| ০২ | বিজ্ঞপ্তি নং- ০২/২২-২৩, তাং-২৬/০৯/২০২২ | মানবকণ্ঠ | ২০,৭০০/- |
| ০৩ | বিজ্ঞপ্তি নং- ০২/২২-২৩, তাং-২৬/০৯/২০২২ | দৈনিক পূর্বাঞ্চল | ৯,৭০৩/- |
| ০৪ | বিজ্ঞপ্তি নং- ০১/২২-২৩, তাং-০৮/০৯/২০২২ (জাইকা/২০-২১) | কালের কণ্ঠ | ১৫,৫২৫/- |
| ০৫ | বিজ্ঞপ্তি নং- ০২/২২-২৩, তাং-২৬/০৯/২০২২ | The Daily Observer | ৭,৫৯০/- |
| ০৬ | বিজ্ঞপ্তি নং- ০৩/২২-২৩, তাং-২৯/০৯/২০২২ (জাইকা/২০-২১) | দৈনিক ইনকিলাব | ১৫,৫২৫/- |
| ০৭ | বিজ্ঞপ্তি নং- ০৩/২২-২৩, তাং-২৯/০৯/২০২২ (জাইকা/২০-২১) | The Business Standard | ৯,৪৩০/- |

উক্ত ০৭টি পত্রিকার বিলসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য সভায় প্রস্তাব করেন। সভার সকলে এ বিষয়ে একমত পোষণ করেন।

(ছ) সভায় বিস্তারিত আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) জাইকার ও দক্ষিণ বেদকাশী ইউনিয়নের গোলখালী পর্যটন কেন্দ্রের কাজের পত্রিকায় প্রকাশিত ০৭ টি পত্রিকার বিলসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

(জ) উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা সভায় জানান যে, জেলা প্রশাসক, খুলনা মহোদয়ের কার্যালয়ের সাধারণ শাখার ৩১ মে ২০২২ খ্রি. তারিখের ০৫.৪৪.৪৭০০.০২২.১৮.০০৭.২২-৩৮৪/১(যুক্ত) নং স্মারক পত্রে কয়রা উপজেলাধীন দক্ষিণ বেদকাশী ইউনিয়নের গোলখালীতে পর্যটন কেন্দ্রের অন্তর্ভুক্ত ওয়াকওয়ে ও কাঠের সেতু নির্মাণের জন্য প্রশাসনিক অনুমোদনের প্রেক্ষিতে টেন্ডারের প্রেক্ষিতে মেসার্স ঘোষ কন্সট্রাকশন, তালা বাজার, সাতক্ষীরা বিজয়ী হওয়ায় উক্ত ঠিকাদার প্রতিষ্ঠানের অনুকূলে কার্যাদেশ প্রদান করা হয়েছে। পর্যটন কেন্দ্রে ওয়াচ টাওয়ার নির্মাণের জন্য প্রশাসনিক অনুমোদনের প্রেক্ষিতে ২৫/০৯/২০২২ খ্রি. তারিখে অনলাইনে টেন্ডার আহবানের মাধ্যমে ১১/১০/২০২২ খ্রি, তারিখে দরপত্র যাচাই বাছাই পূর্বক নির্বাচিত ঠিকাদার সৈয়দ জিয়াউল হক এর অনুকূলে কার্যাদেশ প্রদান করা হয়েছে। সংশ্লিষ্ট প্রকল্পের প্রকল্প স্থানে ঠিকাদার কর্তৃক প্রকল্প সাইডে মালামাল মজুদ ও প্রাক্কলণ ও নকশা অনুযায়ী কাজ শুরু করায় বন বিভাগ কর্তৃক কাজটি বন্ধ করার জন্য সাইন বোর্ড টানিয়ে এবং সংশ্লিষ্ট ঠিকাদারের বাঁধা প্রদান করে। তিনি সভার সকলে এ বিষয়ে মতামতের জন্য পেশ করেন।

(জ) সভার সকলের মতামতের ভিত্তিতে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়নের জন্য দক্ষিণ বেদকাশী গোলখালীর পর্যটন কেন্দ্রের জায়গার সমস্যা নিরসনে জেলা প্রশাসক, খুলনা মহোদয় বরাবর পত্র প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়।

<table>
<tr><td></td><td></td><td>(খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা সভায় জানান যে, বিগত ১১/০১/২০২২ খ্রি. তারিখের জানুয়ারি/২০২২ মাসের মাসিক সভার সিদ্ধান্ত অনুযায়ী ৩০ ডিসেম্বর ২০২২ পর্যন্ত লবন পানির ঘের করার অনুমতি প্রদান করা হয়। এ বিষয়ে বিষয়ে মাননীয় সংসদ সদস্য মহোদয়ের মতামতের ভিত্তিতে লবন পানির ঘের বন্ধ করার জন্য সিদ্ধান্ত গ্রহণের প্রস্তাব করেন। এবং খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় ইউনিয়ন ভিত্তিক ১০/- টাকা কেজি দরে চাউল প্রদানের জন্য নিয়োগকৃত ডিলার বাতিলের জন্য মাননীয় সংসদ সদস্য মহোদয়ের নির্দেশনা মোতাবেক সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে।</td><td>--</td><td></td></tr>
<tr><td>০২.</td><td>উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কয়রা, খুলনা।</td><td>উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>০৩.</td><td>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ দপ্তর, কয়রা, খুলনা।</td><td>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান যে, দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>০৪.</td><td>উপজেলা কৃষি অফিস, কয়রা, খুলনা।</td><td>উপজেলা কৃষি অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, আমাদী ইউনিয়নের তেরআউলিয়া খালে লবন পানি উঠছে। এ খালের পার্শ্ববর্তী অনেক জায়গায় বোরো ধানের আবাদ হয়। তিনি জরুরী ভিত্তিতে লবন পানি বন্ধের জন্য প্রস্তাব করেন। তিনি আরও অফিসের প্রনোদনা কার্যক্রম চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>০৫</td><td>উপজেলা প্রাণিসম্পদ অফিস কয়রা, খুলনা।</td><td>উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কয়রা, খুলনা সভায় যে, কয়রা উপজেলার চাঁদআলী ব্রীজ সংলগ্ন স্থানে, কয়রা সদর এবং ফুলতলায় স্লোটার হাউজ নির্মান করার প্রস্তাব করেন। তিনি আরও জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>০৬.</td><td>সিনিয়র উপজেলা মৎস্য অফিস, কয়রা, খুলনা।</td><td>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কয়রা, খুলনা সভায় নভেম্বর/২০২২ মাসের প্রতিবেদন সভায় উপস্থাপন করেন।
<table>
<tr><td>ক্রঃ নং</td><td>কার্যক্রমের বিবরণ</td><td>বাস্তবায়ন অগ্রগতি</td><td>মন্তব্য</td></tr>
<tr><td>০১.</td><td>বাংলাদেশের সামুদ্রিক জলসীমায় ৬৫ দিন মৎস্য আহরণ নিষিদ্ধ কার্যক্রম-২০২২</td><td>বাংলাদেশের সামুদ্রিক জলসীমায় ২০ মে হতে ২৩ জুলাই পর্যন্ত মোট ৬৫ দিন সকল প্রকার মৎস্য নৌযান দ্বারা যে কোন প্রকার মৎস্য আহরণ নিষিদ্ধ কার্যক্রম-২০২২ বাস্তবায়ন করা হয়েছে।</td><td></td></tr>
<tr><td>০২.</td><td>চিংড়িতে অপদ্রব্য/দূষণ/পুশ বিরোধী অভিযান</td><td>২০/০৭/২০২২ খ্রি. পর্যন্ত অর্জন সমূহঃ<br>(ক) অভিযান- ১৯ টি<br>(খ) আটক- ২০ জন<br>(গ) জরিমানা- ৩,২০,০০০/- টাকা<br>(ঘ) অপদ্রব্য মিশ্রিত/দূষিত/ পুশকৃত চিংড়ি ধ্বংস- ২৩৬৫ কেজি</td><td></td></tr>
<tr><td>০৩.</td><td>মৎস্য চাষীর পুকুর/ঘের পরিদর্শন ও পরামর্শ প্রদান</td><td>অব্যাহত আছে।</td><td></td></tr>
<tr><td>০৪.</td><td>অন্যান্য দাপ্তরিক কার্যক্রম</td><td>স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td><td></td></tr>
</table>
</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>০৭.</td><td>উপজেলা প্রকৌশল দপ্তর কয়রা, খুলনা।</td><td>(ক) উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা সভায় জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর প্রকল্প বাস্তবায়নের নিমিত্তে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের নিকট হতে প্রকল্প তালিকা অতিসত্বর দাখিল করার জন্য প্রস্তাব করেন।</td><td>(ক) সভায় এতদ্ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সকল ইউপি চেয়ারম্যানগণ আগামী সভার পূর্বে প্রকল্প দাখিল মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা প্রকৌশলী কয়রা, খুলনা।</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস কয়রা, খুলনা। | (ক) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান যে, মহারাজপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রটি অত্যন্ত ঝুকিপূর্ণ। সেবাদানকারী ও সেবা গ্রহণকারীদের মধ্যে গত ৩০ অক্টোবর ২০২২ খ্রি. তারিখে সেবা গ্রহণকালীন সময়ে উপর হতে ছাঁদ ধসে পড়ে আয়সা খাতুন নামের একটি মেয়ে মারাত্মক আহত হয়। বর্তমানে কোন অবস্থায় সেবা কেন্দ্রে সেবা দান করা সম্ভব নয়। ব্যক্তি উদ্যোগে প্রধান সড়কের পার্শ্বে একটি দোকান ভাড়া নিয়ে কোনক্রমে সেবাদান কার্যক্রম চলমান রাখলেও সেখানে সেবা কার্যক্রম একদিকে যেমন ব্যাহত হচ্ছে অন্যদিকে সেবাগ্রহণকারীদের জন্য নিরাপদ নয়। তিনি সেখানে জরুরী ভিত্তিতে সেবাদানকারী ও সেবা গ্রহণ করীদের কথা বিবেচনায় এনে সেবা কেন্দ্রটি সেবাদানের উপযোগী মেরামত করার জন্য দাবী জানান। সভার সকলে উক্ত ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রটি মেরামতের জন্য পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে যথাযথ মেরামতের নিমিত্তে উর্ধ্বতন কর্তৃপক্ষের বরাবর পত্য প্রেরণের জন্য মতামত প্রদান করেন। | (ক) সভায় এতদ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কয়রা, খুলনকে মহারাজপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র মেরামতের নিমিত্তে উর্ধ্বতন কর্তৃপক্ষের বরাবর পত্র প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গ্রহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কয়রা, খুলনা। |
| ০৯. | উপজেলা শিক্ষা অফিস, কয়রা, খুলনা। | উপজেলা শিক্ষা অফিসার, কয়রা, খুলনার সভায় জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ১০. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, কয়রা। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কয়রা, খুলনার সভায় জানান যে, অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ১১. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস কয়রা, খুলনা। | কার্যক্রম চলমান। | -- | -- |
| ১২. | উপজেলা সমাজসেবা অফিস কয়রা, খুলনা। | উপজেলা সমাজসেবা অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, অত্র উপজেলায় বয়স্ক, বিধবা ভাতা সহ অন্যান্য সকল ভাতা প্রদানের অনলাইন কার্যক্রম চলমান। তিনি আরও জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ১৩. | উপজেলা সমবায় অফিস, কয়রা, খুলনা। | উপজেলা সমবায় অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, অত্র উপজেলায় ২৫/১০/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা ১৫০ টি। ২০২০-২১ অর্থ বছরে ১,১৪,৩৩০/- টাকা অডিট ফি আদায় করে ট্রেজারি চালনের মাধ্যমে জমা প্রদান করা এবং ২০২১-২০২২ অর্থ বছরে অডিট ফি ধার্য ১১,৭২০/- টাকা এর মধ্যে ১১,৭২০/- টাকা অডিট ফি আদায় করে ট্রেজারি চালানের মাধ্যমে জমা করা হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে সমবায় সমিতির সদস্যদের প্রশিক্ষণ, সেমিনার ও জাতীয় সমবায় দিবস পালন উপলক্ষ্যে সমিতির নীট লাভের ৩% হারে সমবায় উন্নয়ন তহবিল বাবদ ৪০,৭৫৮/- টাকা আদায় করে জমা প্রদান করা হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে সমবায় উন্নয়ন তহবিল ধার্য করা হয়েছে ৩,৪৯৯/- টাকা এর মধ্যে ৩,৪৯৯/- টাকা সমবায় উন্নয়ন তহবিল আদায় করে অনলাইনের মাধ্যমে জমা প্রদান করা হয়েছে। ইতোমধ্যে সমিতির ১৪০ জন সদস্যকে সমবায় ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br><br>অত্র উপজেলায় ০২ টি আশ্রয়ণ প্রকল্প আছে (১) আমাদী আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-০২) ও (২) বাগালী আশ্রয়ণ প্রকল্প (ফেইজ- ০২)। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে আমাদী আশ্রয়ণ প্রকল্পে ১৬,১০,০০০/- টাকা ও বাগালী আশ্রয়ণ প্রকল্পে ৮,০০,০০০/- টাকা ঋণ বরাদ্দ পাওয়া গিয়েছে। আমাদী আশ্রয়ণ প্রকল্পের পূনর্বাসিতদের মধ্যে বিভিন্ন ট্রেডে ঘূর্ণায়মান তহবিল হিসেবে ১৯,০১,০০০/- টাকা ঋণ দাদন করা হয়েছে। ঋণের আসল আদায় ১৩,৬৭,১১৪/- টাকা এবং সুদ আদায় ১,১২,৭৭৭/- টাকা। আদায়ের হার ৭৮%। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | -- | -- |

<table>
<tr><td>১৪.</td><td>উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, কয়রা, খুলনা।</td><td>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কয়রা, খুলনা সভায় জানান যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কয়রা, খুলনা এর মাধ্যমে বিভিন্ন উন্নয়নমূলক কাজ বাস্তবায়িত হচ্ছে। ওয়াশ প্রকল্পের আওতায় ৫০টি গভীর নলকূপের স্থাপন কাজ শেষ। সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহের প্রকল্পের আওতায় (২য় বরাদ্দ) ১৩৮টি ৩০০০ লিটার রেইন ওয়াটার হার্ভেষ্টিং এর কাজ শেষ এবং ৪৪টি গভীর নলকূপের স্থাপন কাজ শেষ। বর্তমানে সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় (৩য় ধাপের) ১৮২টি পানির উৎসের স্থান তালিকা পাওয়া গেছে যার মধ্যে ১৩৮টি ৩০০০ লিটার হার্ভেষ্টিং এর কাজ শেষ হয়েছে এবং বাকি কাজ চলমান রয়েছে। PEDP-4 প্রকল্পের আওতায় ০৯ টি ওয়াশ ব্লকের মধ্যে ০৬টির কাজ সমাপ্ত বাকী ০৩টির কাজ ও ২৫টি টিএসপি স্থাপনের কাজ চলমান রয়েছে। GPS ও NNGPS প্রকল্পের আওতায় ১১টি গভীর নলকূপের কাজ চলমান রয়েছে।<br><br>১ম ধাপের মুজিববর্ষের গৃহহীন ও ভূমিহীন পরিবারের জন্য নির্মিত ঘরে পানির উৎসের কাজে ৪৬টির মধ্যে ৪৬টি রেইনওয়াটার হার্ভেষ্টিং এর প্লাটফর্ম নির্মান সহ অন্যান্য কাজ সম্পন্ন হয়েছে ও ২টি গভীর নলকূপ স্থাপন কাজ সহ অন্যান্য কাজ শেষ হয়েছে। ২য় ধাপের মুজিববর্ষের গৃহহীন ও ভূমিহীন পরিবারের জন্য নির্মিত ঘরে পানির উৎস স্থাপনের কাজ ২৫টির মধ্যে ২৫ টি রেইন ওয়াটার হার্ভেষ্টিং এর প্লাটফর্ম নির্মান সম্পন্ন হয়েছে ও অন্যান্য কাজ সম্পন্ন হয়েছে। এছাড়া জিসিএ প্রকল্পে ২৮টি কমিউনিটি বেজসড রেইন ওয়াটার হার্ভেষ্টিং ও ০২ টি পুকুরের আল্ট্রা ফিল্টারের কাজ চলমান রয়েছে। কাজের ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরও জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৫.</td><td>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর কয়রা, খুলনা।</td><td>কার্যক্রম চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৬.</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিস, কয়রা, খুলনা।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কয়রা, খুলনা নভেম্বর/২০২২ মাসের সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন।
<table>
<tr><th>বিষয়</th><th>চলতি মাস</th><th>চলতি বছর</th><th>ক্রমপুঞ্জিত</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>প্রশিক্ষণ</td><td>৩০</td><td>৬০</td><td>৮৩৭৮ জন</td><td>--</td></tr>
<tr><td>ঋণ বিতরণ (রাজস্ব)</td><td>০</td><td>৯,৯০,০০০/-</td><td>১,৯৬,১১,৫০০/-</td><td>--</td></tr>
<tr><td>পরিবার ভিত্তিক ক্ষুদ্রঋণ বিতরণ</td><td>০</td><td>০</td><td>২৯,৬০,০০০/-</td><td>--</td></tr>
<tr><td>জোরদারকরণ প্রকল্প (ঋণ বিতরণ)</td><td>০</td><td>০</td><td>৩,২৫,০০০/-</td><td>--</td></tr>
<tr><td>ঋণ আদায় হার (রাজস্ব)</td><td>৯১%</td><td>৯২%</td><td>৯৬%</td><td>--</td></tr>
<tr><td>আত্মকর্মীর তথ্য</td><td>২</td><td>১৪</td><td>৩৪২৮ জন</td><td>--</td></tr>
<tr><td>যুব সংগঠন তালিকাভুক্তি</td><td>০০</td><td>০১</td><td>১৩ টি</td><td>--</td></tr>
</table></td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৭.</td><td>বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)।</td><td>কার্যক্রম চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৮.</td><td>উপজেলা সামাজিক বন বিভাগ, কয়রা, খুলনা।</td><td>উপজেলা বন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৯.</td><td>পল্লী সঞ্চয় ব্যাংক, কয়রা শাখা, খুলনা।</td><td>কার্যক্রম চলমান।</td><td>--</td><td>--</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ২০. | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, কয়রা, খুলনা। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান যে, পিডিবিএফ কয়রা কার্যালয়ে ২০২২-২০২৩ অর্থ বছরে লক্ষ্যমাত্রা অনুযায়ী ক্ষুদ্র ঋণ বাবদ ৫৭,০৬,০০০/- (সাতান্ন লক্ষ ছয় হাজার) টাকা এবং ক্ষুদ্র উদ্যোক্তার মধ্যে ১৫,৯০,০০০/- (পনের লক্ষ নব্বই হাজার) টাকা এবং নারী উদ্যোক্তার মধ্যে ৬,৯০,০০০/- (ছয় লক্ষ নব্বই হাজার) টাকা ঋণ বিনিয়োগ করেছে। যার চলতি ঋণ আদায়ের হার ৯৮%। তিনি আরও জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |

২১. আর্থিক ব্যয় সংক্রান্ত (উপজেলা পরিষদ রাজস্ব তহবিল)

উপজেলা পরিষদের দৈনন্দিন ব্যয় এবং বিভিন্ন জরুরী প্রয়োজনীয় ব্যয় মিটানোর জন্য নিম্নবর্নিত ব্যয় বিল পরিষদের সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।

| ক্রঃ নং | বিলের সংক্ষিপ্ত বিবরণ | টাকা |
|---|---|---|
| ০১. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার অক্টোবর/২০২২ মাসের সম্মানী ভাতা। | ৪০,০০০/- |
| ০২. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার অক্টোবর/২০২২ মাসের সম্মানী ভাতা। | ২৭,০০০/- |
| ০৩. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার অক্টোবর/২০২২ মাসের সম্মানী ভাতা। | ২৭,০০০/- |
| ০৪. | উপজেলা পরিষদের অক্টোবর/২০২২ মাসের আপ্যায়ন ব্যয় বিল। | ২৯,৯৮৩/- |
| ০৫. | উপজেলা পরিষদের অক্টোবর/২০২২ মাসের আনুষংগিক ব্যয় বিল। | ৪,৯৯৫/- |
| ০৬. | উপজেলা পরিষদ মালীর অক্টোবর/২০২২ মাসের মজুরী বিল। | ১০,০০০/- |
| ০৭. | উপজেলা পরিষদ সুইপারের অক্টোবর/২০২২ মাসের মজুরী বিল। | ১১,০০০/- |

সিদ্ধান্ত ঃ উপর্যুক্ত বিল সমূহের ব্যয় সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা পূর্বক সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং বিল সমূহের অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন বিষয়ে আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

এস, এম, শফিকুল ইসলাম
উপজেলা চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা
কয়রা, খুলনা।
☎০২৪৭৭৭৩১৩১১ (অফিস)

উপজেলা পরিষদ
কয়রা, খুলনা।

স্মারক নংঃ ৪৬.৪৪.৪৭৫৩.০০১.০৬.০০১.২২-৭২১ (৪৫) — তারিখঃ ২৯-১১-২০২২ খ্রিঃ।

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ**

০১। মাননীয় সংসদ সদস্য-১০৪, খুলনা-০৬।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
০৫। জেলা প্রশাসক, খুলনা।

**অনুলিপি সদয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ**

০৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
০৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
০৮। উপজেলা.........................................অফিসার, কয়রা, খুলনা।
০৯। চেয়ারম্যান..................................ইউপি (সকল), কয়রা, খুলনা।
১০। সংরক্ষিত মহিলা সদস্য..................................কয়রা, খুলনা।

মোঃ মমিনুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
কয়রা, খুলনা।